ANDREW M. CUOMO
গভর্নর

RICHARD A. BALL
কমিশনার

COVID-19 সম্পর্কিত সর্বজনীন স্বাস্থ্য পরিস্থিতির আপৎকালীন অবস্থা চলাকালীন কম্যুনিটিগুলিকে খাবার দেওয়ার ইভেন্টের মাধ্যমে খাদ্য দানের একটি দাতব্য উদ্যোগের ব্যবস্থা করে "ফিডিং নিউ ইয়র্ক" এর জন্য অন্তর্বর্তী নির্দেশিকা

28 এপ্রিল 2020

এই অন্তর্বর্তী নির্দেশিকাটি COVID-19 সম্পর্কিত সর্বজনীন স্বাস্থ্য পরিস্থিতির আপৎকালীন অবস্থায় ইভেন্টের মাধ্যমে খাবার দানের উদ্যোগের ব্যবস্থা করতে আগ্রহী ব্যক্তিদের জন্য তৈরি করা হয়েছিল। যারা এই অন্তর্বর্তী নির্দেশিকাটি ব্যবহার করার কথা ভাবছেন তারা অবিলম্বে এটি ব্যবহার করতে পারেন এবং তাদের নিচে দেওয়া সমস্ত প্রযোজ্য পদ্ধতি এবং আবশ্যিক শর্ত মেনে চলতে হবে। যারা ইভেন্টের মাধ্যমে খাবার দান করার উদ্যোগ নিতে আগ্রহী তাদের এই নির্দেশিকার অধীনে সেটি পরিচালনার জন্য কোনো আগাম অনুমোদন নিতে কৃষি ও মার্কেট বিভাগ (Department of Agriculture and Markets, AGM) বা স্বাস্থ্য দপ্তর (Department of Health, DOH) এর সঙ্গে যোগাযোগ করতে হবে না। এই নির্দেশিকা ফুড ব্যাঙ্ক বা তাদের সংশ্লিষ্ট সংস্থাগুলির দ্বারা বর্তমানে পরিচালিত কোনো কার্যকলাপকে বাতিল, প্রতিস্থাপন বা আওতাভুক্ত করে না।

পরিচালকবৃন্দ

ইভেন্টের মাধ্যমে খাবার দেওয়ার উদ্যোগে যুক্ত যেকোনও ব্যক্তিকে নিম্নলিখিতগুলি নিয়মগুলি মেনে উপযুক্ত মাত্রায় হাত এবং শ্বাস-প্রশ্বাস সম্পর্কিত স্বাস্থ্যবিধি বজায় রাখতে হবে:

- আপনি অসুস্থ হলে অংশগ্রহণ করবেন না।
- অন্তত 20 সেকেন্ডের জন্য সাবান এবং পানি দিয়ে প্রায়ই হাত ধোবেন। সাবান এবং জল সহজে পাওয়া না গেলে, অন্তত 60% অ্যালকোহল আছে এমন কোনো হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন, আপনার সম্পূর্ণ হাতে লাগান এবং সেটি শুকিয়ে না যাওয়া পর্যন্ত দুটি হাত একসাথে ঘষতে থাকুন।
- আপনার চোখ, নাক, মুখ স্পর্শ করা এড়িয়ে চলুন।
- রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) এবং স্বাস্থ্য দপ্তর (Department of Health, DOH) এর নির্দেশিকা মেনে একটি ফেস কভারিং ও গ্লাভস পরুন।
- অন্য ব্যক্তিদের থেকে অন্তত ছয় ফুট দূরত্ব বজায় রেখে পারষ্পরিক দূরত্ব বজায় রাখুন।

ঘোষিত চলমান COVID-19 সম্পর্কিত সর্বজনীন স্বাস্থ্য পরিস্থিতির আপৎকালীন অবস্থায় এবং যতটা সম্ভব বাস্তব পরিস্থিতিতে, সামাজিক দূরত্ব স্থাপনের পরিস্থিতি বাড়াতে এবং কোনো প্রদত্ত এলাকায় জনগণের একত্রিত হওয়ার ঘনত্ব কমাতে এই নির্দেশিকাটি ব্যবহার করতে ইচ্ছুক সংস্থাগুলিকে এটি যুক্তিসঙ্গত পরিমাণে বাস্তবায়ন করতে হবে।

জনসাধারণের সংস্পর্শে আসার সময় কমাতে ইভেন্ট পরিচালকদের ইভেন্টের আগেই খাদ্যসামগ্রীগুলির আয়োজন করতে হবে। জনগণকে যে সময় লাইনে দাঁড়িয়ে থাকতে হবে সেই সময় কমাতে এবং সামগ্রিক যানজটের ভিড় কমাতে, পরিচালকদের শ্রেণী অনুযায়ী খাবার ভাগ করতে হবে: ভাঁড়াতে রাখার যোগ্য, ফ্রিজে রাখার বা হিমায়িত এবং খাদ্যদ্রব্যগুলি বাক্স বা বহনযোগ্য ব্যাগে রাখতে হবে। ইভেন্টটি এমন চত্বরগুলিতে হতে হবে যেগুলি বর্তমানে অন্যান্যরা ব্যবহার করছেন না। ইভেন্টটি যানজটের প্রবাহে বাধা দিতে বা আটকাতে পারবে না।

COVID-19 এর বিস্তার রোধে সহায়তায়, উপযুক্ত হাত ও শ্বাস-প্রশ্বাস সম্পর্কিত স্বাস্থ্যবিধিকে উৎসাহিত করতে পদ্ধতি এবং প্রয়োজনীয় জিনিসগুলি যথাযথ স্থানে রাখতে হবে এবং উপলব্ধ হতে হবে, পাশাপাশি বেশি ঝুঁকি থাকা এলাকাগুলিতে (যেমন বাথরুম, প্রবেশদ্বার, প্রস্থানের পথ, অনুদান/লেনদেনের স্থান ইত্যাদি) নিয়মিত পরিষ্কার করতে হবে এবং জীবাণুনাশক দিতে হবে। সারাদিন ধরে প্রায়শই স্পর্শ করা হয় এমন স্থানগুলি জীবাণুমুক্ত করার জন্যও পদ্ধতিগুলি ব্যবহার করতে হবে।

খাদ্যদ্রব্য
বন্টনের জন্য সমস্ত খাদ্যদ্রব্যগুলি বিনামূল্যের হতে হবে এবং নিম্নলিখিতগুলি মেনে চলতে হবে:

- একটি অনুমোদিত সংস্থান থেকে আহরণ করতে হবে (কৃষি ও মার্কেট বিভাগ এর থেকে লাইসেন্স প্রাপ্ত/অনুমোদিত কেন্দ্র, ফুড ও ড্রাগ অ্যাডমিনিস্ট্রেটর (Food and Drug Administration, FDA) এর সঙ্গে নিবন্ধিত, মার্কিন যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগ (United States Department of Agriculture, USDA) এর দ্বারা নিরীক্ষিত অথবা স্থানীয় বা স্টেটের স্বাস্থ্য বিভাগের থেকে অনুমতিপ্রাপ্ত)।
- একটি পরিষ্কার এবং স্বাস্থ্যবিধি সম্মত পরিস্থিতিতে পরিবহন করতে হবে।
- আশেপাশে লক্ষ্য করার কেউ না থাকলে দূষিত হওয়ার সম্ভাবনা এড়াতে লক করা গাড়িতে সংরক্ষণ করতে হবে।
- একটি জীবাণুমুক্ত উপায়ে রক্ষণাবেক্ষণ করতে হবে।
- ভেজাল/দূষণ মুক্ত হতে হবে।
- প্যাকেটজাত করতে হবে যাতে প্যাকেটটি সিল করা থাকে এবং অক্ষত থাকে। টেকঅ্যাওয়ে পাত্র, জার, বোতল ইত্যাদি পুনরায় ভর্তি করে দেওয়ার অনুমতি নেই।
- স্থানীয়, স্টেট বা যুক্তরাষ্ট্রীয় আবশ্যকতা অনুযায়ী লেবেল করতে হবে। প্যাকেটজাত খাদ্য দ্রব্যের লেবেলিংয়ের আবশ্যিক শর্ত সম্বন্ধে আরো তথ্যের জন্য, https://agriculture.ny.gov/food-safety/food-labeling দেখুন।
- পারস্পরিক দূষণ থেকে সুরক্ষিত করতে হবে, অর্থাৎ কাঁচা এবং রেডি-টু-ইট খাবারগুলি আলাদা রাখতে হবে।
- সঠিকভাবে সংরক্ষিত রাখতে হবে:
  - ফ্রিজে রাখার খাবারগুলি 41°F বা তার কমে সবসময় রাখতে হবে।
  - হিমায়িত করার খাবারগুলিকে সবসময় হিমায়িত করেই রাখতে হবে।

এই নির্দেশিকা ব্যবহার করে যে খাবারগুলি বন্টন করা যাবে না সেগুলি হল:

- কাঁচা দুধ।
- প্যাকেটজাত এবং/অথবা উপযুক্তভাবে লেবেল করা নয় এমন খাদ্য।
- মেয়াদ উত্তীর্ণ হওয়া খাবার।
- কোনোভাবে সঠিক পরিস্থিতিতে না থাকা বা খারাপ হয়ে যাওয়া খাবার।
- একাধিক ফুঁটো এবং স্ফীত অংশ থাকা খারাপ হওয়া ক্যান।
- বাড়িতে তৈরি হওয়া খাদ্য।

অংশগ্রহণকারীগণ
ইভেন্টের মাধ্যমে এই উদ্যোগে অংশগ্রহণ করা ব্যক্তিদের গাড়িতেই বসে থাকতে হবে এবং সামাজিক দূরত্ব বজায় রাখা, অন্যান্যদের সঙ্গে ছয় ফুটের মধ্যে থাকলে মাস্ক পরা এবং যানজটের উপযুক্ত নিরাপত্তার নিয়ম মেনে চলার কথা মনে রাখতে হবে।

দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে ফেস কভারিং সহ্য করতে সক্ষম যেকোনো ব্যক্তিকে কার্যনির্বাহী আদেশ 202.17 এবং 202.18 অনুযায়ী জনবহুল স্থানে বেড়ানোর সময় নিজের নাক এবং মুখ কোনো মাস্ক বা কাপড় দিয়ে ঢেকে রাখতে হবে। অতিরিক্ত তথ্য এক্সিকিউটিভ অর্ডার 202.17 এবং 202.18, এপ্রিল 17, 2020, অনুযায়ী COVID-19 অতিমারীর সময় মুখ ঢাকার আবশ্যকতা সম্পর্কিত অন্তবর্তী নির্দেশিকায় (Interim Guidance on Executive Orders 202.17 and 202.18 Requiring Face Coverings in Public During the COVID-19 Outbreak, April 17, 2020) পাওয়া যাবে।

উপরন্তু, কার্যনির্বাহী আদেশ 202.16 অনুযায়ী জনগণের সঙ্গে কথোপকথনের সময় আবশ্যিক কর্মীদের পরে থাকার জন্য নিয়োগকর্তাদের বিনামূল্যে মাস্ক দিতে হবে। অতিরিক্ত তথ্য COVID-19 এর প্রকোপ চলাকালীন জনবহুল স্থানে মুখ ঢেকে রাখার প্রয়োজনীয়তা নিয়ে অতিরিক্ত তথ্য 14ই এপ্রিল, 2020 তারিখের কার্যনির্বাহী আদেশের 202.16-এর অন্তর্বর্তী নির্দেশিকায় (Interim Guidance on Executive Order 202.16 Requiring Face Coverings for Public and Private Employees Interacting with the Public During the COVID-19 Outbreak, April 14, 2020) পাওয়া যেতে পারে।

বাড়তি রিসোর্স

New York State Department of Health COVID-19 Website
https://coronavirus.health.ny.gov/home

New York State Department of Agriculture and Markets COVID-19 Website
https://agriculture.ny.gov/coronavirus

United States Centers for Disease Control and Prevention COVID-19 Website
https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html